# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৮৪

পর্ব-১০: আল্লাহ তা‘আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মৌলিক দু‘আসমূহ

بَابُ جَامِعِ الدُّعَاءِ

---

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ يَقُولُ: «اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْهُدَى وَالتُّقَى وَالْعَفَافَ وَالْغِنَى» . رَوَاهُ مُسلم

বাংলা

২৪৮৪-[৩] ’আবদুল্লাহ ইবনু মাস্’ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (দু’আয়) বলতেন,

’’আল্ল-হুম্মা ইন্নী আস্আলুকাল হুদা- ওয়াত্তুকা- ওয়াল ’আফা-ফা ওয়াল গিনা-’’

(অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার কাছে হিদায়াত [সঠিক পথ], তাকওয়া [পরহেযগারিতা], হারাম থেকে বেঁচে থাকা ও অমুখাপেক্ষিতা প্রত্যাশা করি)। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৭২১, তিরমিযী ৩৪৮৯, ইবনু মাজাহ ৩৮৩২, ইবনু আবী শায়বাহ্ ২৯১৯২, আহমাদ ৩৯৫০, সহীহ ইবনু হিব্বান ৯০০, সহীহ আল জামি‘ ১২৭৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে (الْهُدٰى) ‘‘হুদা-’’ বলতে হিদায়াত এবং (التُّقٰى) ‘‘তুকা-’’ বলতে তাকওয়া বুঝানো হয়েছে। (الْعَفَافَ) ‘‘আফাফ’’ বলতে গুনাহ ও অনুচিত কর্ম থেকে বিরত থাকাকে বুঝানো হয়েছে। (الْغِنٰى) ‘‘গিনা-’’ বলতে মূলত অন্তরের ধনাঢ্যতা বা প্রাচুর্যতা বুঝানো হয়েছে; সম্পদের ধনাঢ্যতা নয়। অন্তরের প্রাচুর্যতা এমন সম্পদ থেকে ব্যক্তিকে আড়ালে রাখে যে সম্পদ ব্যক্তিকে আল্লাহর আনুগত্য থেকে বিচ্ছিন্ন রাখে এবং আল্লাহ তা‘আলা থেকে ভিন্ন কাজে অন্তরকে ব্যস্ত রাখে। তবে প্রশংসিত ধনাঢ্যতা হলো ঐ ধনাঢ্যতা যা ব্যক্তিকে দুনিয়ামুখী

হওয়া ও দুনিয়ার প্রতি বেশি গুরুত্ব প্রদান থেকে বিরত রাখে।

তিনি বলেন, সাধারাণত ‘হুদা-’ ও ‘তুকা’ বলতে দুনিয়ার জীবনোপকরণ, আখিরাতের উপকরণ ও চরিত্রের মহৎ দিকসমূহ যা অর্জন করা উচিত তার সন্ধান পাওয়া এবং শির্ক, অবাধ্যতা ও চরিত্রের খারাপ দিকসমূহ যা বর্জন করা উচিত তা বর্জনে করাকে বুঝায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57044

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন